# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

খুশিলি/এইচআরএম-৯০/৬৪৩ ২৫ জুন ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌ বাহিনী কর্তৃক পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিঃ এর **প্লেটার শপে** সম্পূর্ণরূপে জব ভিত্তিক ডেইলি বেসিস হিসেবে নিম্নবর্ণিত পদ সমূহে জনবল নিয়োগ করা হবে ঃ

| ক্রমিক | পদ | সংখ্যা | বয়স | ন্যূনতম যোগ্যতা (শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা) |
|---|---|---|---|---|
| ক। | দক্ষ গ্রাইন্ডার | ১১ জন | ০২ জুলাই ২০২৫ তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ১। ন্যূনতম ৮ম শ্রেণি পাশ।<br>২। জাহাজ নির্মাণ সংশ্লিষ্ট গ্রাইন্ডার/ ওয়েল্ডার/ গ্যাসকাটার/ ফিটার কাজে বাস্তব অভিজ্ঞতা থাকবে হবে।<br>৩। যেকোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| খ। | দক্ষ ওয়েল্ডার/ দক্ষ গ্যাসকাটার/ দক্ষ ফিটার | ৩৬ জন | | |

২। **শর্তাবলী ঃ**

ক। আগ্রহী প্রার্থীগণকে খুশিলি কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক **ব্যবস্থাপনা পরিচালক**, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরম খুশিলির ওয়েবসাইট **https://www.khulnashipyard.gov.bd/** অথবা সরাসরি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন হতে সংগ্রহ করা যাবে।

খ। বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ টাকা ৫০/- (পঞ্চাশ) নগদ (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশনে) জমা করতঃ ক্যাশ মেমো গ্রহণ সাপেক্ষে আবেদন জমা করতে হবে।

গ। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা/ নাগরিক সনদপত্র, প্রশিক্ষন সনদপত্র ও অভিজ্ঞতার সনদপত্র (সত্যায়িত ফটো কপি) ও সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। মৌখিক সাক্ষাৎকার এর সময় সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষন ও অভিজ্ঞতার মূল সনদ অবশ্যই সাথে আনতে হবে।

ঘ। বর্ণিত পদ সমূহের জন্য আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্রসহ সরাসরি আগামী ০২ জুলাই ২০২৫ তারিখ রোজঃ বুধবার সকাল ০৯০০ ঘটিকার মধ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সেকশন, খুলনা শিপইয়ার্ড লিমিটেড এ **ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য স্বশরীরে উপস্থিত হতে হবে।**

ঙ। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে অভিজ্ঞতার ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। বেতন/ মজুরি অত্র প্রতিষ্ঠানের কাঠামো অনুযায়ী (আলোচনা সাপেক্ষে) নির্ধারণ করা হবে।

চ। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

ছ। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

জ। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরৎ দেয়া হবে না।

ঝ। খুলনা শিপইয়ার্ড লিঃ হতে ইতিপূর্বে চাকুরিচ্যুত প্রার্থীদের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

সৈয়দ সাব্বির আহম্মেদ
প্রশাসনিক কর্মকর্তা
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

**হুঁশিয়ারি ঃ চাকুরির ব্যাপারে কোন অসৎ ব্যক্তির সহিত আর্থিক সংযোগ করে প্রতারিত হবেন না।**